

ইবিতে এক মাস নিষিদ্ধ রাজনৈতিক কর্মকাণ্ড

ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) আগামী ১ মাসের জন্য সব ধরনের রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন। সোমবার দুপুর ২টায় এক জরুরি সভার সিদ্ধান্তক্রমে এই ঘোষণা দেয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, সব রাজনৈতিক সংগঠন আধিপত্য বিস্তার, বিশ্ববিদ্যালয় অভ্যন্তরে রাজনীতির নামে বহিরাগত প্রবেশ এবং একাধিক সংগঠনের একই সময় কর্মসূচি আয়োজন করা সহ বিভিন্ন কারণে আগামী ১ মাসের জন্য সব ধরনের রাজনৈতিক কর্মসূচি নিষিদ্ধ করা হয়েছে।

এর আগে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করে শৃঙ্খলা কমিটি সোমবার দুপুর ২ টায় উপাচার্যের বাসভবনে এক জরুরি সভার আয়োজন করা হয়।

এ সময় সেখানে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আবদুল হকিম সরকার, নিষিদ্ধ : পৃষ্ঠা ২ কলাম ৫

নিষিদ্ধ : ইবিতে

(প্রথম পৃষ্ঠার পর)

উপ-উপাচার্য অধ্যাপক ড. শাহিনুর রহমান, প্রক্টর অধ্যাপক ড. আফসার হোসেন, ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মাহবুবুর রহমান, সহকারী প্রক্টর ড. যাকিবিয়াহ বিকুল এবং সহকারী প্রক্টর আলতাফ হোসেনসহ শৃঙ্খলা কমিটির সব সদস্য।

এ বিষয়ে প্রক্টর অধ্যাপক ড. আফসার হোসেন বলেন, বিশ্ববিদ্যালয় অভ্যন্তরে সব ছাত্র সংগঠন একই সময় প্রোগ্রাম আয়োজন করছে। এ ছাড়া ছাত্র সংগঠনগুলোর সঙ্গে সঙ্গে বহিরাগতরা প্রবেশ করে ক্যাম্পাসের পরিবেশ নষ্ট করছে। এতে যে কোনো সময় বড় ধরনের সংঘর্ষের আশঙ্কায় সবার মতামতের ভিত্তিতে আমরা এই সিদ্ধান্ত নিতে বাধ্য হয়েছি।